

মেয়র আনিসুল হক আর নেই

নিজস্ব প্রতিবেদক

প্রকাশিত: ০৪:৫৪ পিএম, ৩০ নভেম্বর ২০১৭



যুক্তরাজ্যের লন্ডনে চিকিৎসাধীন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক মারা গেছেন (ইমালিগ্লাহি...রাজিউন)।

বৃহস্পতিবার বাংলাদেশ সময় রাত ১০টা ২৩ মিনিটে (লন্ডন স্থানীয় সময় ৪টা ২৩ মিনিট) লন্ডনের ওয়েলিংটন হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি।

লন্ডন থেকে সাংবাদিক তানভীর আহমেদ জাগো নিউজকে বিষয়টি নিশ্চিত করেছেন।

এর আগে বেশ কয়েকবার অসুস্থ মেয়রের মৃত্যুর গুজব ওঠে। কিন্তু এবার সত্যি সত্যিই চলে গেলেন ঢাকার এই দাপুটে মেয়র। দীর্ঘদিন ধরে অসুস্থ মেয়রের শারীরিক অবস্থার অবনতি হলে গত সোমবার তাকে আইসিইউতে স্থানান্তর করা হয়।

গত ২৯ জুলাই নাতির জন্ম উপলক্ষে ব্যক্তিগত সফরে সপরিবারে যুক্তরাজ্য যান আনিসুল হক। সেখানে অসুস্থ হয়ে পড়লে ১৩ আগস্ট তাকে লন্ডনের ন্যাশনাল নিউরোসায়েন্স হাসপাতালে ভর্তি করা হয়। পরীক্ষা-নিরীক্ষার পর তার মস্তিষ্কে প্রদাহজনিত রোগ 'সেরিব্রাল ভাস্কুলাইটিস' শনাক্ত করেন চিকিৎসকরা।

এরপর তাকে নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) রেখে চিকিৎসা দেয়া হচ্ছিল। ধীরে ধীরে অবস্থার উন্নতি ঘটলে তাকে গত ৩১ অক্টোবর আইসিইউ থেকে রিহ্যাবিলিটেশন সেন্টারে স্থানান্তর করা হয়। গত সোমবার অবস্থার অবনতি হলে তাকে রিহ্যাবিলিটেশন সেন্টার থেকে পুনরায় আইসিইউতে স্থানান্তর করা হয়।

আগামী শনিবার সকাল ১১টা ২০ মিনিটে বাংলাদেশ বিমানের একটি ফ্লাইটে তার মরদেহ হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছানোর কথা রয়েছে। ওইদিনই বাদ আসর আর্মি স্টেডিয়ামে জানাজা শেষে তাকে বনানী কবরস্থানে দাফন করা হবে।

পরলোকগত আনিসুল হকের জন্য দেশবাসীর কাছে দোয়া করার জন্য আহ্বান জানানো হচ্ছে। আগামীকাল বাদ জুমা লন্ডন রিজেন্ট পার্ক মসজিদে তার নামাজে জানাজা অনুষ্ঠিত হবে।

সেনানিয়ন্ত্রিত তত্ত্বাবধায়ক সরকারের সময়ে এফবিসিসিআই-এর সভাপতি ছিলেন আনিসুল হক। ২০১৫ সালে আওয়ামী লীগ থেকে মনোনয়ন নিয়ে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র নির্বাচিত হন তিনি।